# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৭৩

১৫/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৪৭. লাশের জন্য (সম্মানার্থে) দাঁড়ানো

بَابُ الْقِيَامِ لِلْجَنَازَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا سُهَيْلُ بْنُ أَبِي صَالِحٍ، عَنِ ابْنِ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، عَنْ أَبِيهِ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا تَبِعْتُمُ الْجَنَازَةَ فَلَا تَجْلِسُوا حَتَّى تُوضَعَ، قَالَ أَبُو دَاوُدَ: رَوَى هَذَا الْحَدِيثَ الثَّوْرِيُّ، عَنْ سُهَيْلٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ فِيهِ: حَتَّى تُوضَعَ بِالْأَرْضِ، وَرَوَاهُ أَبُو مُعَاوِيَةَ، عَنْ سُهَيْلٍ، قَالَ: حَتَّى تُوضَعَ فِي اللَّحْدِ قَالَ أَبُو دَاوُدَ: وَسُفْيَانُ أَحْفَظُ مِنْ أَبِي مُعَاوِيَةَ

صحيح

বাংলা

৩১৭৩। ইবনু আবূ সাঈদ আল-খুদরী (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা যখন লাশের অনুসরণ করবে তখন তা নামিয়ে না রাখা পর্যন্ত বসবে না। আবূ দাঊদ (রহঃ) বলেন, সুফিয়ান সাওরী এ হাদীসটি সুহাইলের সূত্রে বর্ণনা করেছেন। তিনি তার পিতা থেকে আবূ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন। তাতে রয়েছেঃ লাশ মাটিতে না নামানো পর্যন্ত দাঁড়িয়ে থাকবে। আবূ মু’আবিয়াহও হাদীসটি সুহাইবের সূত্রে বর্ণনা করেছেন। তাতে রয়েছেঃ লাশ কবরে না নামানো পর্যন্ত দাঁড়িয়ে থাকবে। আবূ দাঊদ (রহঃ) বলেন, সুফিয়ান (রাঃ) আবূ মু’আবিয়াহর তুলনায় অধিক স্মৃতি সম্পন্ন।[1]

## English

Narrated Abu Sa’id Al Khudri :
The Messenger of Allah (ﷺ) as saying: When you follow a funeral, do not sit until the bier is placed (on the ground).

Abu Dawud said: This tradition has been narrated by al-Thawri (i.e. Sufyan) from Suhail, from his father on the authority of Abu Hurairah. This version has: until it (the bier) is placed on the ground. It has also been narrated by Abu Mu'wiyah from Suhail. This has: Until it is placed in the grave.

Abu Dawud said: Sufyan's version is more guarded than that of Abu Mu'awiyah.

ফুটনোট

[1]. সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=60541

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন